

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৩৬.২০১৯/৪৩৮১/৮

তারিখঃ ২২/০১/১৪২৬ বঙ্গাব্দ  
০৭/০১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন বদিউল আলম ডিপ্রি কলেজের জনাব মোঃ মাসুম মিয়া, প্রভাষক (অর্থনীতি) এর  
নিয়োগ পত্রে ইনডেক্স নম্বর না থাকায় নতুন ভাবে এমপিওভুক্তি।

সূত্রঃ স্মারক নং-৪৪৬/বিএসি/২০১৯; তারিখঃ ৩০/০৯/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন বদিউল আলম ডিপ্রি কলেজের  
জনাব মোঃ মাসুম মিয়া, প্রভাষক (অর্থনীতি) এর নিয়োগ পত্রে ইনডেক্স নম্বর না থাকায় নতুন ভাবে এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা  
প্রদান করার জন্য কলেজটির অধ্যক্ষ সূত্রোক্ত আবেদনপত্র দাখিল করেন।

জনাব মোঃ মাসুম মিয়া, প্রভাষক(অর্থনীতি), বদিউল আলম কলেজ, কোম্পানীগঞ্জ, মুরাদনগর, কুমিল্লা এ ১৭/০২/২০১৯ তারিখ  
NTRCA যোগদান করেছেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর  
১১.৮ ও ১২ বিধি অনুযায়ী চাকুরির পূর্ব অভিজ্ঞতা গণনাযোগ্য হলেও জনাব মোঃ মাসুম মিয়া এর NTRCA প্রদত্ত সুপারিশ পত্রে  
ইনডেক্স নম্বর উল্লেখ না থাকায় তাঁর পূর্ব অভিজ্ঞতা ও ইনডেক্স বহাল রেখে এমপিওভুক্ত/ট্রান্সফারের সুযোগ নাই। তবে জনাব মোঃ  
মাসুম মিয়া, প্রভাষক(অর্থনীতি) পদে বদিউল আলম কলেজ, মুরাদনগর, কুমিল্লায় যোগদানের তারিখ হতে পদ শূন্য থাকা ও  
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ সাপেক্ষে নতুনভাবে এমপিওভুক্ত করা  
যেতে পারে।

এমতাবস্থায়, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন বদিউল আলম ডিপ্রি কলেজের জনাব মোঃ মাসুম মিয়া, প্রভাষক (অর্থনীতি)  
এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ ও বিধিসম্মত হলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১১.৮ ও ১২ বিধি মোতাবেক  
তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে শূন্য পদে সমন্বয় করতে কোন বাধা নাই। এমপিওভুক্তির নিমিত্তে তাকে অন-লাইনে আবেদন করার জন্য  
নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AKC/MS  
07-10-19

(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

৩২।

অধ্যক্ষ

বদিউল আলম ডিপ্রি কলেজ

মুরাদনগর, কুমিল্লা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অধ্যক্ষ, কুমিল্লা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, বদিউল আলম ডিপ্রি কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ৩। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা;
- ৫। জনাব মোঃ মাসুম মিয়া, প্রভাষক (অর্থনীতি), বদিউল আলম ডিপ্রি কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ৬। সংরক্ষণ কপি।